যুগান্তর

তারিখ ..25 FEB 2016.....
পৃষ্ঠা ...২..৬ কলাম...৮.......

# প্রাধ্যক্ষের পদত্যাগ দাবিতে এফ রহমান হলে ভাংচুর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

হলে পুলিশ নিয়ে বহিরাগতদের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও অসৌজন্যমূলক আচরণের জেরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এএফ রহমান হলের প্রাধ্যক্ষের পদত্যাগ দাবিতে হল ভাংচুর করেছে শিক্ষার্থীরা। মঙ্গলবার রাত সোয়া ১২টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় মুখে গামছা ও রুমাল বেঁধে হলের ৬টি সিসিটিভি ক্যামেরা ভাংচুর করেন তারা। এরপর দুই ঘণ্টা হলের সামনের রাস্তায় অবস্থান নেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, হলের ৩০৫ নম্বর কক্ষ থেকে তিতুমীর কলেজের শাহীন ও মিরপুর বাঙলা কলেজের শফিউলসহ তিন বহিরাগতকে পুলিশে দেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. আফতাব উদ্দিন। এই তিনজনই হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাসেল মাহমুদের আশ্রয়ে হলে থাকতেন। বহিরাগত বিরোধী অভিযানের সময় ছাত্রত্ব শেষ হলেও অবৈধভাবে অবস্থানকারী ছাত্রলীগের কয়েকজন নেতাকেও হল ছাড়তে তাগাদা দেয় প্রাধ্যক্ষ। এ ঘটনায় ক্ষুব্ধ হয় ছাত্রলীগ নেতাকর্মীরা। পরে তারা মুখে গামছা ও রুমাল বেঁধে রড দিয়ে হলের টিভি রুম, গেমস রুম, অতিথি কক্ষ ও সিসি ক্যামেরা ভাংচুর করেন।